

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
আইন-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৮.২০.৩৩৬

তারিখ: ৩ অগ্রহায়ণ ১৪২৭  
১৮ নভেম্বর ২০২০

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগ হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৬১২৯/২০২০ মামলা পরিচালনা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর নিয়ন্ত্রণাধীন সুনামগঞ্জ জেলার জগন্নাথপুর উপজেলার ষড়পল্লী উচ্চ বিদ্যালয় ও কলেজের (সহকারী গ্রন্থাগারিক) জনাব আবুল কালামসহ মোট ০৪ (চার) জন তাদের এম.পি.ও সংক্রান্ত বিষয়কে কেন্দ্র করে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ৬১২৯/২০২০ মামলা দায়ের করেন। রিট পিটিশন মামলার বিবরণ নিম্নরূপ:

মামলা নং	যে সংক্রান্ত মামলা	বাদীর নাম ঠিকানা	বিবাদীর নাম
৬১২৯/২০২০	এম.পি.ও সংক্রান্ত	জনাব আবুল কালাম, (সহকারী গ্রন্থাগারিক), ষড়পল্লী উচ্চ বিদ্যালয় ও কলেজ, জগন্নাথপুর, সুনামগঞ্জসহ মোট ০৪ (চার) জন।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও মহাপরিচালক, মাউশিসহ মোট ০৪ (চার) জন।

২। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৬১২৯/২০২০ মামলা পরিচালনার বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে সর্বশেষ মামলার তথ্য এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৮-১১-২০২০

মো: আব্দুল জলিল মজুমদার  
সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)

মহাপরিচালক  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৮.২০.৩৩৬/১(৩)

তারিখ: ৩ অগ্রহায়ণ ১৪২৭  
১৮ নভেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

১৮-১১-২০২০

মো: আব্দুল জলিল মজুমদার  
সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)